




স্মারক নং- ৪৫.০০.০০০০.১৬১.৯৯.০০৩.২০২০-১৪৪

তারিখঃ ২৩-০৭-২০২০খ্রিঃ

**বিষয়ঃ বন্যা উপদ্রুত এলাকায় পানিবাহিত বিভিন্ন রোগ এবং সাপের উপদ্রব বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে যথাযথ নির্দেশনা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত কিছুদিন যাবৎ অবিরাম বৃষ্টি এবং পাহাড়ী ঢলের কারণে দেশের বেশ কয়েকটি জেলা ইতোমধ্যে বন্যা প্লাবিত হয়েছে। বন্যা উপদ্রুত এলাকায় এ সময় বিভিন্ন পানিবাহিত রোগের প্রাদুর্ভাব হতে পারে। এ ছাড়াও এ সময় সাপের উপদ্রব দেখা দেয়। তার অধিক্ষেত্রের মধ্যে এরূপ কোন সমস্যার উদ্ভব হলে যথাসম্ভব দ্রুততার সাথে তা সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সমস্ত বিষয়ে জনগণকে সচেতন করা এবং তাদের প্রার্থিত সেবা প্রদান করতে হবে। কোভিড-১৯ সংক্রান্ত চিকিৎসার পাশাপাশি জনগণকে অন্যান্য সকল চিকিৎসা যথাযথভাবে প্রদানের সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখতে হবে।

এমতাবস্থায়, তার অধিনস্ত সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তা ও কর্মচারীদেরকে কর্মস্থলে অবস্থান করে বন্যাকালীন স্বাস্থ্য বিষয়ক সকল সেবা নিয়ে জনগণের পাশে থাকার নিম্নিত্ত যথাযথ নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

  
(মোহাম্মদ রোকন উদ্দিন)  
উপসচিব  
ফোন-৯৫৪৬৫২০  
ghm2@hsd.gov.bd

সিভিল সার্জন (সকল).....

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্মসচিব (সরঃ ও বেসরঃ স্বঃ ব্যবঃ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।